গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট
আইসিটি শাখা

জেলা ইনোভেশন কমিটির মার্চ/২০২৪ মাসের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মো: মহিউদ্দিন জাহাঙ্গীর<br>অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) |
| সভার তারিখ | ১৮/০৩/২০২৪ খ্রি. |
| সভার সময় | দুপুর ১.২০ টা |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | --- |


সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভার শুরুতেই গত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | **উদ্ভাবনী উদ্যোগসমূহ বিষয়ে আলোচনা :**<br>সভাপতি ২০২৩-২০২৪ নতুন অর্থবছরে জেলায় নতুন নতুন উদ্যোগ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি পুনরায় অনুরোধ জানান। সভায় “উদ্ভাবনী আইডিয়া বাস্তবায়ন অগ্রগতি” বিষয়ে বিশদ আলোচনা করা, সরকারি দপ্তরগুলোতে ইনোভেশনমূলক উদ্যোগ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান। | জেলা ও উপজেলা পর্যায়ে জনবান্ধবমুখী উদ্ভাবনী নতুন নতুন উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. জেলা/উপজেলার সকল সরকারি দপ্তর প্রধানগণ<br>২. জেলা/উপজেলা ইনোভেশন টিমের সকল সদস্যবৃন্দ |
| ০২ | **ক্লিন টাউন পাঁচবিবি মডেল, জয়পুরহাট:**<br>সভায় সভাপতি জানান, ২০৪১ সালের মধ্যে উন্নত বিশ্বের শহরগুলোর ন্যায় জয়পুরহাটকে একটি স্মার্ট ও ক্লিন জেলা হিসেবে গড়ে তোলার লক্ষ্যে **"ক্লিন টাউন পাঁচবিবি মডেল"** নামে একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। **ক্লিন টাউন পাঁচবিবি মডেল,** জয়পুরহাট প্রকল্পের মূল উদ্দেশ্য শহরের নাগরিকদের উদ্বুদ্ধকরণের মাধ্যমে ও শিক্ষার্থীদের স্বেচ্ছাশ্রম এবং পৌরসভা ও জেলা প্রশাসনের তত্ত্বাবধানে তথ্য প্রযুক্তি ব্যবহার করে (ওয়েব/এ্যাপস) পাঁচবিবি শহরকে স্মার্ট শহরে পরিণত করা। পাইলটিং সফলভাবে সম্পন্ন করা গেলে ও টেকসই হলে তা সারা বাংলাদেশে প্রয়োগ করা সম্ভবপর হবে মর্মে সভাপতি জানান। | ২০৪১ সালের মধ্যে উন্নত বিশ্বের শহরগুলোর ন্যায় জয়পুরহাটকে একটি স্মার্ট ও ক্লিন জেলা হিসেবে গড়ে তোলার লক্ষ্যে অনলাইন প্লাটফর্ম (ওয়েব/এ্যাপস) এর মাধ্যমে **"ক্লিন টাউন পাঁচবিবি মডেল"** সফলভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), জয়পুরহাট<br>২. মেয়র, পাঁচবিবি পৌরসভা<br>৩. সহকারী কমিশনার (আইসিটি), জয়পুরহাট |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | **জয়পুরহাট সদর উপজেলাধীন বীর মুক্তিযোদ্ধা এবং যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাদের প্রত্যক্ষ বর্ণনায় মহান মুক্তিযুদ্ধের খন্ড খন্ড ইতিহাস এর অডিও ভিজুয়াল দৃশ্যায়ন এবং এর লিখিত প্রযোজনা "বীর বাঙ্গালী"**<br>উপজেলা প্রশাসন, জয়পুরহাট সদর উপজেলাধীন বীর মুক্তিযোদ্ধা এবং যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাদের প্রত্যক্ষ বর্ণনায় মহান মুক্তিযুদ্ধের খন্ড খন্ড ইতিহাস এর অডিও ভিজুয়াল দৃশ্যায়ন এবং এর লিখিত প্রযোজনা "বীর বাঙ্গালী"। বর্তমানে জীবিত বীর মুক্তিযোদ্ধাদের ও যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাদের যুদ্ধের ইতিহাস তাদের প্রত্যক্ষ বর্ণনায় ভিডিও ধারনের মাধ্যমে মহান মুক্তিযুদ্ধের স্মৃতি সংরক্ষণ করে প্রজন্ম থেকে প্রজন্মের মধ্যে মুক্তিযুদ্ধের চেতনা উতসরিত করার জন্য "বীর বাঙ্গালী" নামক তথ্যচিত্রটি উদ্ভাবনী উদ্যোগ হিসাবে উপজেলা প্রশাসন জয়পুরহাট সদর এবং joypurhatsadar.joypurhat.gov.bd নামক ওয়েবসাইটে প্রকাশসহ সামাজিক যোগাযোগ মাধ্যমে বিষয়টি বহুল প্রচারের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। একটি স্বাধীন দেশের নাগরিক হিসেবে এবং প্রজাতন্ত্রের কর্মচারী হিসেবে মুক্তিযুদ্ধের প্রতি সম্মান প্রদর্শন ও এর স্মৃতির সংরক্ষণ একটি গুরুত্বপূর্ন নৈতিক দায়িত্ব। ইউটিউব, ওয়েবসাইট, সামাজিক যোগাযোগ মাধ্যমে তথ্যচিত্রটি প্রদর্শনের মাধ্যমে মুক্তিযুদ্ধের স্মৃতির চিরস্থায়ী সংরক্ষণ সম্ভব হবে যা বিশ্বের যেকোন প্রান্ত হতে দেখা যাবে। অধিকন্তু মুক্তিযুদ্ধের গবেষণায় দেশ বিদেশের বিভিন্ন গবেষকদের কাছে তথ্যচিত্রটি মূল্যবান রেফারেন্স হিসেবে ব্যাবহৃত হতে পারে। পৃথিবীর মানচিত্রে যতদিন বাংলাদেশ নামক রাষ্ট্রের অস্তিত্ব থাকবে ততদিন এই তথ্যচিত্রটি থেকে যাবে। | **"বীর বাঙ্গালী"** নামক ইনোভেশন কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার জয়পুরহাট সদর, জয়পুরহাট |
| ০৪ | **সুশাসন ও শুদ্ধাচার দর্পণ:**<br>সভাপতি সুশাসন ও শুদ্ধাচার দর্পণ কার্যক্রমের উপর গুরুত্ব আরোপ করে কার্যক্রমটি চলমান রাখার জন্য অনুরোধ জানানো হয়। | সুশাসন ও শুদ্ধাচার দর্পণ কার্যক্রমটি চলমান রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার আক্কেলপুর, জয়পুরহাট<br>২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জয়পুরহাট<br>৩। উপজেলা প্রাথমিক শিক্ষা<br>অফিসার, জয়পুরহাট<br>৪। প্রধান শিক্ষক,<br>প্রাথমিক বিদ্যালয় (সকল),<br>আক্কেলপুর, জয়পুরহাট |
| ০৫ | **বহ্নিশিখা আক্কেলপুর মডেল:**<br>ইতোপূর্বে উদ্ভাবিত উপজেলা প্রশাসন ও উপজেলা পল্লী উন্নয়ন বোর্ড, আক্কেলপুর, জয়পুরহাট এর যৌথ উদ্যোগে বিধবা, স্বামী পরিত্যক্তা দু:স্থ অসহায় মহিলাদের দারিদ্র দূরীকরণ ও আত্মকর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে স্বনির্ভর করে গড়ে তোলার লক্ষ্যে গৃহীত বহ্নিশিখা আক্কেলপুর মডেল নামক ইনোভেশন কার্যক্রমের ডেটাবেজ হালনাগারকরণের বিষয়ে সভায় আলোচনা হয়। | ইতোপূর্বে উদ্ভাবিত বহ্নিশিখা আক্কেলপুর মডেল নামক ইনোভেশন কার্যক্রমের ডেটাবেজ হালনাগাদকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট |

| | | | |
|---|---|---|---|
| ০৬ | **<u>উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন সংক্রান্ত আলোচনা:</u>**<br>সভায় জেলা/উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ কর্তৃক উদ্ভাবনী পাইলট উদ্যোগসমূহ নিয়মিত পরিদর্শনসহ প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | জেলা/উপজেলায় গৃহীত উদ্ভাবনী পাইলট উদ্যোগসমূহ পরিদর্শনপূর্বক উদ্যোগসমূহ বাস্তবায়ন বিষয়ে সুচিন্তিত মতামত/ পরামর্শ প্রদানের পাশাপাশি এ কার্যালয়ে বিস্তারিত প্রতিবেদন দাখিল করতে হবে। | ১. দপ্তর প্রধান, জেলা/উপজেলার সকল সরকারি দপ্তর<br>২. জেলা/উপজেলা ইনোভেশন টিমের সদস্য (সকল), জয়পুরহাট |

পরিশেষে সভাপতি জনগণের দোরগোড়ায় ই-সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে আগামী সভায় নতুন নতুন উদ্ভাবনী উদ্যোগ উপস্থাপন, গৃহীত উদ্যোগসমূহ বাস্তবায়ন ও প্রচারের ক্ষেত্রে সকলের সহযোগিতা কামনা করেন এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।




মো: মহিউদ্দিন জাহাঙ্গীর
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)

স্মারক নম্বর: ০৫.৪৩.৩৮০০.০১৫.০৬.০০৩.১৮.৮৬

তারিখ: ৬ চৈত্র ১৪৩০
২০ মার্চ ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
৩) সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৪) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
৫) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট
৬) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট
৭) অতিরিক্ত জেলা প্রশাসক, রাজস্ব, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট
৮) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট
৯) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জয়পুরহাট
১০) উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর/পাঁচবিবি/কালাই/ক্ষেতলাল/আক্কেলপুর , জয়পুরহাট
১১) দপ্তর প্রধান (সকল), জয়পুরহাট
১২) প্রধান শিক্ষক, রামদেও বাজলা সরকারি উচ্চ বিদ্যালয়, জয়পুরহাট
১৩) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, জয়পুরহাট (তাকে সভার কার্যবিবরনীটি ওয়েবসাইটের ইনোভেশন কর্ণারে প্রকাশের অনুরোধ করা হলো)



মোঃ আব্দুর রউফ
সহকারী কমিশনার